

জীবন বীমা কর্পোরেশন

প্রধান কার্যালয়, ঢাকা।

স্মারক নং ৫৩.১৯.৯০০১.০০২.০০.০০০.১৩. ২৩৭

তারিখঃ ৬০-০৭-১৯

জীবন বীমা কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসা খাতে অগ্রিম প্রদান নীতিমালা, ২০১৯।

১.০ শিরোনাম:

জীবন বীমা কর্পোরেশনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের চিকিৎসা খাতে অগ্রিম প্রদান নীতিমালা, ২০১৯।

২.০ কার্যকারিতার তারিখ:

পর্যদের অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।

৩.০ চিকিৎসা খাতে অগ্রিম প্রদান:

সকল সরকারি হাসপাতাল এবং সরকার অনুমোদিত সকল ক্লিনিক/হাসপাতালে চিকিৎসার উদ্দেশ্যে অগ্রিম প্রদান করা যাবে।

৪.০ চিকিৎসা খাতে অগ্রিম গ্রহণের ক্ষেত্র:

সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারী তার নিজের অসুস্থতা, স্ত্রী/স্বামীর অসুস্থতা, ছেলে-মেয়ের অসুস্থতা, বাবা-মায়ের অসুস্থতার জন্য চিকিৎসা খাতে অগ্রিম গ্রহণ করতে পারবেন।

৫.০ নির্ভরশীল:

স্বামী/স্ত্রী উভয়ে কর্পোরেশনের স্থায়ী কর্মকর্তা/কর্মচারী হলে উভয়ে পৃথক পৃথকভাবে নিজেদের চিকিৎসার জন্য এবং প্রত্যেকের বাবা-মায়ের চিকিৎসার জন্য অগ্রিম গ্রহণ করতে পারবেন। তবে স্বামী/স্ত্রী উভয়ে নিজেদের চিকিৎসা ও প্রত্যেকের বাবা-মায়ের চিকিৎসা ব্যতিত ছেলে-মেয়ের চিকিৎসার জন্য স্বামী/স্ত্রী উভয়েই পৃথক পৃথকভাবে এখাতে অগ্রিম গ্রহণ করতে পারবেন না।

৬.০ চিকিৎসা খাতে প্রদেয় অগ্রিম সমন্বয় ও আদায়:

(০১) চিকিৎসা খাতে প্রদেয় অগ্রিম শুধুমাত্র সরকারি হাসপাতালের নিম্নোক্ত সীট ভাড়া বাবদ চিকিৎসা খরচ অডিট সাপেক্ষ সমন্বয়যোগ্য।

| | |
|------------------------------------|----------------|
| (ক) এজিএম হতে ম্যানেজিং ডাইরেক্টর | এসি কেবিন |
| (খ) জুনিয়র অফিসার হতে ম্যানেজার | কেবিন (নন এসি) |
| (গ) অফিস সহায়ক হতে উচ্চমান সহকারী | পেয়িং বেড |

(০২) উক্ত সীট ভাড়া বাবদ চিকিৎসা খরচ হাসপাতাল থেকে ছাড়া পাবার ০২(দুই) মাসের মধ্যে সমন্বয় করতে হবে। অন্যথায় অগ্রিম গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর পরবর্তী মাসের মাসিক বেতন হতে টা: ২,৫০০/- (দুই হাজার পাঁচশত টাকা) হারে সর্বোচ্চ ২০ মাসে কর্তন করে মোট অগ্রিম সমন্বয় করতে হবে।

(০৩) এরপরও এখাতে কোন অসমন্বিত অগ্রিম থাকলে তা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী পিআরএল থাকাকালীন প্রাপ্য বেতন হতে এবং প্রয়োজনে তাঁর পেনশন বেনিফিট হতে সমন্বয় করতে হবে।

৭.০ চিকিৎসা খাতে অগ্রিম প্রদানের পরিমাণ:

(০১) চিকিৎসা খাতে অগ্রিম প্রদানের পরিমাণ হবে সর্বোচ্চ টা: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা)।

(০২) অসুস্থতাজনিত কারণে কোন স্থায়ী কর্মকর্তা/কর্মচারী সর্বোচ্চ ৩(তিন) বার এখাতে অগ্রিম গ্রহণ করতে পারবেন তবে তার পরিমাণ হবে পূর্বে গৃহীত অগ্রিমের সমন্বিত অংশের সমান অর্থাৎ মোট গৃহীত অগ্রিমের পরিমাণ হবে সর্বোচ্চ টা: ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা)।

৮.০ চিকিৎসা ব্যয় ও অগ্রিম প্রদান খাতে বাজেট বরাদ্দ:

চিকিৎসা ব্যয় ও অগ্রিম প্রদান খাতে কর্পোরেশনের বাজেট বরাদ্দ সাপেক্ষে এ অগ্রিম প্রদান করা যাবে।


৯.০ চিকিৎসা খাতে অগ্রিম প্রদান অনুমোদনকারী কর্তৃপক্ষ:

টা: ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা) পর্যন্ত অগ্রিমের অনুমোদনকারী কর্তৃপক্ষ জেনারেল ম্যানেজার (প্রশাসন) এবং টা: ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা) এর উর্ধ্বের অনুমোদনকারী কর্তৃপক্ষ ব্যবস্থাপনা পরিচালক।

১০.০ চিকিৎসা খাতে প্রদেয় অগ্রিমের উপর মুনাফা/সুদ:

চিকিৎসা খাতে প্রদেয় অগ্রিম হবে মুনাফা/সুদ বিহীন।

উপরি-উক্ত নীতিমালা ০৮ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ৫৯৫তম সভার অনুমোদনক্রমে জারি করা হলো।


(ডাঃ মোঃ আমিনুল ইসলাম)
ম্যানেজিং ডাইরেক্টর (চলতি দায়িত্ব)।